(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
web- www.dgfp.gov.bd

ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট

স্মারক: ৫৯.১১.০০০০.৩৫০.২৩.২৩০.২৩.৯৮৫০

তারিখঃ০৫/১১/২০২৩ খ্রি:

**বিষয়: ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. ৬ (ছয়) দিন ব্যাপী 'পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ' উদ্‌যাপনে পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ।**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ জনগণের স্বাস্থ্যসেবার মানোন্নয়নে সবসময় একযোগে কাজ করে আসছে। জাতীয় টিকা দিবস, ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন, রুটিন-ইপিআই, কমিউনিটি ক্লিনিক সেবা ইত্যাদি কার্যক্রমে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের পাশাপাশি পরিবার পরিকল্পনা অধিপ্তরের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণের সক্রিয় অংশগ্রহণের ফলে সরকারের টিকাদান কর্মসূচি আজ বিশ্বের কাছে রোল মডেল।

প্রতি বছরের ন্যায় এবারও পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন আইইএম ইউনিটের আইইসি অপারেশনাল প্ল্যানের আওতায় পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও বিশেষ সেবা প্রদানের উদ্দেশ্যে 'পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ' উদযাপন করতে যাচ্ছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং ইউএনএফপিএ (UNFPA) এর যৌথ উদ্যোগে ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. দেশব্যাপী বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সরকারি ও বেসরকারি সেক্টরের সকল সেবাকেন্দ্রে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২৩ উদযাপিত হবে। পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহে পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ নিম্নবর্ণিত কার্যক্রমে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করবেন:

- এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে–

**"নিরাপদ মাতৃত্ব, পরিকল্পিত পরিবার**
**স্মার্ট বাংলাদেশ হোক আমাদের অঙ্গীকার"**

- বিভাগীয়/জেলা পর্যায়ে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ব্যক্তিবর্গ (সরকারি-বেসরকারি টিভি চ্যানেল, স্থানীয় পর্যায়ের ক্যাবল চ্যানেল, এফ এম ও কমিউনিটি রেডিও এবং জাতীয় ও স্থানীয় পত্রিকার প্রতিনিধি), স্থানীয় জনপ্রতিনিধিগণের উপস্থিতিতে এডভোকেসি সভা ও প্রেস ব্রিফিং'র আয়োজন করবেন। উক্ত সভায় বিভাগীয় পরিচালক, জেলা প্রশাসক, সিভিল সার্জন, উপপরিচালক, সহকারী পরিচালক (এফপি/সিসি), মেডিকেল অফিসার (সিসি/ক্লিনিক) ও বিভিন্ন দপ্তরের সরকারী কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন;
- উপজেলা পর্যায়ে প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়া ব্যক্তিবর্গ (সরকারি-বেসরকারি টিভি চ্যানেল, লোকাল ক্যাবল চ্যানেল, এফএম ও কমিউনিটি রেডিও এবং জাতীয় ও স্থানীয় পত্রিকার প্রতিনিধি), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে এডভোকেসি সভা ও প্রেস ব্রিফিং'র আয়োজন করবেন। এ সভায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও বিভিন্ন দপ্তরের সরকারী কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন;
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যেসব মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে জরুরি প্রসূতি সেবা (ইওসি) চালু রয়েছে, সে সকল হাসপাতালে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার যেকোনো একটি পদ্ধতি প্রদানের মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্যোগ নিবেন;
- স্বাস্থ্য অধিদপ্তরের নিবন্ধিত যে সকল বেসরকারি হাসপাতাল/ক্লিনিকসমূহ প্রসব পরবতী পরিবার পরিকল্পনা সেবা প্রদানে আগ্রহী তাদেরকে সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা অফিস প্রয়োজনীয় ইমপ্রেস্ট ফান্ড এবং লজিস্টিক্স প্রদান করবেন। জেলা ও উপজেলা পর্যায়ের পরিবার পরিকল্পনা কার্যালয় এক্ষেত্রে নির্দিষ্ট রেজিস্টার ও ফরম ব্যবহারে সহযোগিতা করবেন;

- স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মরত কর্মচারীগণ প্রত্যেকে সেবা সপ্তাহ চলাকালীন কমপক্ষে ১টি দীর্ঘমেয়াদী এবং ১ টি স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ করে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ ২০২৩ কে সাফল্যমন্ডিত করবেন;
- উভয় অধিদপ্তরের অধীন সকল সেবাকেন্দ্রে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে;
- পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে বাস্তবায়ন করতে উভয় অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ সম্মিলিতভাবে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করবেন। জেলা পর্যায়ে সিভিল সার্জন ও উপপরিচালক এবং উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করবেন।

উপর্যুক্ত বিষয়সমূহের প্রতি গুরুত্ব প্রদানপূর্বক ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

অধ্যাপক ডা: আবুল বাসার মোহাম্মদ খুরশিদ আলম
মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর

সাহান আরা বানু, এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

স্মারক: ৫৯.১১.০০০০.৩৫০.২৩.২৩০.২৩.৭৪৮০ তারিখঃ ০৫/১১/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল)------------------------স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার (সকল) -------------------------------------বিভাগ।
৫। যুগ্ম সচিব (সকল)------------------------------------------------ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)........................................................ ইউনিট/ বিভাগ।
৭। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা/স্বাস্থ্য (সকল) ..............................................................বিভাগ।
৮। পরিচালক, এমএফএসটিসি/এমসিএইচটিআই, মোহাম্মদপুর/আজিমপুর/লালকুঠি, মিরপুর, ঢাকা।
৯। জেলা প্রশাসক (সকল)----------------------------------------------জেলা।
১০। সিভিল সার্জন (সকল)-----------------------জেলা। (সকল জেলা হাসপাতালের তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।)
১১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)........................................................................................ জেলা।
১২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অতিরিক্ত পরিচালক (ঔষধ সংগ্রহ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
১৪। দেশীয় প্রতিনিধি, ইউএনএফপিএ, বাংলাদেশ।
১৫। উপজেলা চেয়ারম্যান (সকল)-----------------------------উপজেলা------------------------জেলা।
১৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ------------------------উপজেলা------------------------জেলা।
১৭। আঞ্চলিক সুপারভাইজার, (এফপিসিএস- কিউআইটি), ডিস্ট্রিক্ট কনসাল্টেন্ট--------------------------------অঞ্চল/জেলা।
১৮। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/সিসি (সকল).......................................জেলা।
১৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) ---------------- উপজেলা----------------------জেলা।
২০। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)---------------- উপজেলা----------------------জেলা।
২১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২। অফিস কপি।

আব্দুল লতিফ মোল্লা
পরিচালক (আইইএম)
ও লাইন ডাইরেক্টর (আইইসি)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
০২-৫৫০১২৩৫০
ইমেইল: iemdgfp@gmail.com